

কাজ খুঁজছেন এমন ব্যক্তিদের পাতা:

আপনাকে কাজ খুঁজতে সাহায্য করা

যদি আপনি বেকার হন এবং কাজ শুরু করতে বা ফিরে যেতে চান, স্টেপস টু ওয়ার্ক আপনাকে কাজের জন্য তৈরী হতে এবং আপনার মধ্যে সবচেয়ে বেশী দক্ষতা ও ক্ষমতা তৈরী করতে সাহায্য করতে পারে। আমরা বুঝি যে কাজ খোঁজার জন্য এবং কাজে ঢোকার ক্ষেত্রে বিরত করা যে কোন বাঁধা অতিক্রম করার জন্য আপনার হয়তো সহায়তা দরকার।

আমাদের লক্ষ্য হল আপনাকে আরও নিয়োগযোগ্য হতে এবং আপনার সম্ভাবনায় পৌঁছাতে নিম্নলিখিতগুলি দিয়ে সাহায্য করা:

- কাজ, কেরিয়ার এবং দক্ষতার উপর পরামর্শ এবং নির্দেশিকা
- আত্মবিশ্বাস গড়ে তোলা এবং একের-জন্য-এক সহায়তা
- CV তৈরী করা, ইন্টারভিউ দেওয়ার কৌশল এবং কাজের জন্য আবেদন করা সহ কাজ খোঁজার সহায়তা
- যদি প্রয়োজন হয় পড়া, লেখা এবং অঙ্কতে সাহায্য করা
- নিয়োগ-পূর্ব প্রশিক্ষণ এবং বৃত্তিমূলক দক্ষতার প্রোগ্রাম
- কর্ম সংক্রান্ত প্রশিক্ষণ এবং কাজের অভিজ্ঞতার সুযোগ
- কর্ম সংক্রান্ত খরচ যেমন শিশুদেখাশোনা, পরিবহন এবং জামাকাপড় সংক্রান্ত খরচে সাহায্য করা
- আবার কাজে যোগ দেওয়ার বোনাস এবং আরও বেশী কিছু.....

কিভাবে এটি কাজ করে:

যখন আপনি স্টেপস টু ওয়ার্ক-এ যোগদান করেন, আমাদের একজন ব্যক্তিগত উপদেষ্টা একজনের-জন্য-একজন এই ভিত্তিতে আপনাকে সঠিক কাজ খুঁজতে সাহায্য করার জন্য পরামর্শ ও সহায়তা দিয়ে আপনার সঙ্গে কাজ করবে। আমরা একটি সহায়তার প্রোগ্রাম দেব যেটি আপনার ব্যক্তিগত প্রয়োজনীয়তা এবং উচ্চাশা অনুযায়ী তৈরী করা হবে।

কিন্তু আমাদের সহায়তা সেখানেই শেষ হয় না। এছাড়াও আমরা আপনার কাজের প্রথম কয়েক মাস ধরে আপনার এবং আপনার নিয়োগকারীর সঙ্গে যোগাযোগ রাখব এটা নিশ্চিত করতে যে আপনার প্রয়োজন হতে পারে এইরকম সমস্তরকম সাহায্য ও সহায়তা আপনি আমাদের কাছ থেকে পেতে থাকবেন।

আপনি কি সহায়তা পাওয়ার উপযুক্ত?

স্টেপস টু ওয়ার্ক প্রোগ্রামস-এর জন্য উপযুক্ততা সম্বন্ধে আরও খোঁজ নিতে, অনুগ্রহ করে আমাদের [উপযুক্ততা বিবৃতি](#) পড়ুন

বিবৃতিটি পড়ার পরে যদি আপনি তবুও নিশ্চিত না হন, তখন আপনার [স্থানীয় স্টেপস টু ওয়ার্ক শাখা](#)তে যোগাযোগ করুন এবং তারা আপনাকে পরামর্শ দেবে।

সাক্ষ্যের ইতিবৃত্ত:

কিছু লোকদের যে আমরা সাহায্য করেছি তার সাম্প্রতিকতম কেসগুলির সম্বন্ধে পড়তে [এখানে ক্লিক করুন](#)।